**বিশেষ অনুশীলন-২**

**একাদশ শ্রেণি** **বিষয় কোডঃ ২৫৩**

**বিষয়ঃ হিসাববিজ্ঞান -১ম পত্র (সৃজনশীল +বহুনির্বাচনি)**

**সময়ঃ ১ ঘন্টা ১৫ মিনিট** [ বিঃ দ্রঃ সকল প্রশ্নের উত্তর দিতে হবে।] **পূর্ণমানঃ ৫০**

**সৃজনশীল অংশঃ** (45 b¤^i)

১। বিনয় লন্ড্রি সার্ভিসের ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত রেওয়ামিলটি নিম্নরূপঃ

বিনয় লন্ড্রি সার্ভিস- এর রেওয়ামিল

ডিসেম্বর ৩১, ২০১৯

| হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| নগদ | ৫৫,০০০ | প্রদেয় হিসাব | ৩৭,৫০০ |
| প্রাপ্য হিসাব | ৬৫,০০০ | সেবা আয় | ১,০০,০০০ |
| আসবাবপত্র | ৬৫,০০০ | মূলধন | ৮৮,০০০ |
| সাপ্লাইজ খরচ | ১৮,৫০০ | অনুপার্জিত সেবা আয় | ৩২,৫০০ |
| উত্তোলন | ১০,০০০ | পুঞ্জিভূত অবচয়-আসবাবপত্র | ১২,০০০ |
| অগ্রিম বীমা | ৮,০০০ | | |
| উপযোগ খরচ | ৮,৫০০ | | |
| বেতন খরচ (১৫ মাস) | ১৫,০০০ | | |
| প্রাপ্য নোট | ২৫,০০০ | | |
| | ২,৭০,০০০ | | ২,৭০,০০০ |

অন্যান্য তথ্যাবলিঃ

১. অব্যবহৃত সাপ্লাইজের পরিমাণ ১২,০০০ টাকা; ২. অগ্রিম বীমা ১ জুলাই ২০১৯ তারিখে দুই বছরের জন্য প্রদান করা হয়েছে; ৩. হিসাবকাল শেষে অনুপার্জিত সেবা আয় ১০,০০০ টাকা; ৪.আসবাবপত্রের উপর ১০% অবচয় ধার্য করতে হবে; ৫.প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী দেনা সঞ্চিতি ধরতে হবে।

ক. মোট সেবা আয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য আয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

২। মিঃ শ্যামল একজন খুচরা ব্যবসায়ী। তিনি পূর্ণাঙ্গ দু'তরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করেন না।২০১৯ সালে তার ব্যবসায়ের আর্থিক অবস্থা নিম্নরূপঃ

| হিসাবের নাম | ১ জানুয়ারি, ২০১৯ | ৩১ ডিসেম্বর, ২০১৯ |
|---|---|---|
| নগদ তহবিল | ৯,০০০ | ১২,০০০ |
| ব্যাংক জমা | ২,০০০ | ১,০০০(ক্রে:) |
| মজুদ পণ্য | ৮,০০০ | ১৫,০০০ |
| বিবিধ দেনাদার | ৫,০০০ | ১০,০০০ |
| বিবিধ পাওনাদার | ৫,০০০ | ৩,০০০ |
| আসবাবপত্র | ১২,০০০ | - |
| প্রাপ্য বিল | ১০,০০০ | ২০,০০০ |

মিঃ শ্যামল সারা বছর ধরে প্রতি সপ্তাহে ১৫০ টাকা করে নগদ উত্তোলন করেন এবং মোট ৬,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। বছরের মাঝামাঝি সময় তিনি তার ব্যক্তিগত টাইপরাইটার মেশিনটি ৮,০০০ টাকায় বিক্রয় করে উক্ত বিক্রয়লব্ধ অর্থের ৫০% দিয়ে কারবারের জন্য একটি সরবরাহ যান ক্রয় করেন।

**অন্যান্য তথ্যাবলিঃ ১**.কারবার খরচ বকেয়া আছে ১,৫০০ টাকা।২.দেনাদারবৃন্দের উপর ১০% কুঋণ সঞ্চিতি ও ২% দেনাদার বাট্টা সঞ্চিতি তৈরি কর।৩.আসবাবপত্রের উপর ৫% এবং সরবরাহ যানের উপর ১০% অবচয় ধার্য কর।মূলধনের উপর ১০% হারে সুদ ধার্য কর।

| | | |
|---|---|---|
| ক) | মোট মূলধনের সুদের পরিমাণ নির্ণয় কর। | ২ |
| খ) | ২০১৯ সালের প্রারম্ভিক ও সমাপনি মূলধন নির্ণয় কর। | ৪ |
| গ) | ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বৎসরের জন্য নিট লাভ বা ক্ষতি নির্ণয় কর। | ৪ |

**বহুনির্বাচনি অংশ:** (30 bgiÏb) **১ × ৩০ = ৩০**

১। সমন্বিত ক্রয় সম্পর্কে নিচের কোনটি সঠিক?
ক. বিক্রয়+সমাপনী মজুদ- ক্রয় খ. প্রারম্ভিক মজুদ + ক্রয়- সমাপনী মজুদ
গ. প্রারম্ভিক মজুদ - ক্রয় + সমাপনী মজুদ ঘ. প্রারম্ভিক মজুদ + ক্রয়+ সমাপনী মজুদ

●নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব সাইফুল্লাহ একজন ব্যবাসায়ী। ২০১৮ সালের ৩১ ডিসেম্বর তারিখে তার ব্যবসায়ের আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার সময় দেখতে পান যে, নভেম্বর ও ডিসেম্বর মাসের বেতন বাবদ মোট ১০,০০০ টাকা পরিশোধ করা হয়নি এবং অব্যবহৃত অফিস সাপ্লাইজের পরিমাণ ১,৪০০ টাকা।

২। হিসাববিজ্ঞানের কোন ধারণার জন্য উপরোক্ত দুটি বিষয়ের সমন্বয় দাখিলা প্রদান করা প্রয়োজন?
ক. মিলকরণ খ. রক্ষণশীলতা
গ. রাজস্ব স্বীকৃতি ঘ. ঐতিহাসিক ব্যয়

৩। উপরিউক্ত সমন্বয় দুটি সাধন করা না হলে ব্যবসায়ের লাভ কত টাকা কম বা বেশি হবে?
ক. ১,৪০০ টাকা বেশি খ. ৮,৬০০ টাকা বেশি গ. ১০,০০০ টাকা কম ঘ. ১১,৪০০ টাকা কম

৪। হিসাবিজ্ঞানের কোন নীতি অনুযায়ী প্রকৃত মুনাফা নির্ণয় করতে হলে আয়ের বিপরীতে ব্যয় দেখাতে হবে?
ক. মিলকরণ নীতি খ. বকেয়া ধারণা গ. সামঞ্জস্য নীতি ঘ. পূর্ণ প্রকাশ নীতি

৫। বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়ে অন্তর্ভুক্ত হয় কোনটি?
ক. বহিঃ পরিবহন খ. আমদানি শুল্ক গ. রপ্তানি শুল্ক ঘ. অবচয়

৬। ব্যবসায়ের অভ্যন্তরীণ দায় কোনটি?
ক. বকেয়া ঋণের সুদ খ. প্রদেয় হিসাব গ. ব্যাংক ঋণ ঘ. মূলধন

৭। একতরফা দাখিলা পদ্ধতিতে কোন কোন হিসাব সংরক্ষণ করা হয়?
ক. নামিক হিসাব খ. সম্পত্তি হিসাব গ. নামিক ও সম্পত্তিবাচক হিসাব ঘ. নগদান ও ব্যক্তিবাচক হিসাব

৮। অনাদায়ি পাওনা কোন জাতীয় হিসাব?
ক. আয় খ. সম্পদ গ. ব্যয় ঘ. দায়

৯। অনুপার্জিত সেবা আয়ের পরিমাণ ৫০,০০০ টাকা। উহার ২/৫ অংশ উপার্জিত হলে হিসাবকাল শেষে চলতি দায়ের পরিমাণ কত হবে?
ক. ২০,০০০ টাকা খ. ৩০,০০০ টাকা গ. ৪০,০০০ টাকা ঘ. ৫০,০০০ টাকা

১০। অগ্রিম বিমা সেলামি ২,০০০ টাকা। হিসাবকাল শেষে উক্ত অগ্রিম বিমা সেলামির মেয়াদ উত্তীর্ণ হলে আর্থিক বিবরণীতে-
i. ২,০০০ টাকার অগ্রিম বিমা সেলামি হ্রাস পাবে ii. মোট চলতি সম্পদ ২,০০০ টাকা হ্রাস পাবে
iii. বিমা খরচ ২,০০০ টাকা হ্রাস পাবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii গ. i ও iii ঘ. i, ii ও iii

১১। একতরফা দাখিলা পদ্ধতিতে কীভাবে লাভ-ক্ষতি নির্ধারণ করা হয়?
ক. লাভ-ক্ষতি বিবরণীর মাধ্যমে খ. মালিকানাস্বত্ব বিবরণীর মাধ্যমে
গ. বৈষয়িক বিবরণীর মাধ্যমে ঘ. লাভ-লোকসান আবন্টন বিবরণীর মাধ্যমে

১২। আর্থিক অবস্থার বিবরণী থেকে জানা যায়-
i. স্থায়ী ও চলতি সম্পদের পরিমাণ ii. স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি দায়ের পরিমাণ iii. মালিকের মূলধনের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii গ. i ও iii ঘ. i, ii ও iii

●নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:
সরকার ট্রেডার্সের আর্থিক বিবরণীর তথ্যাবলি নিম্নরূপ:
নিট বিক্রয় ১২,০০,০০০, বিক্রীত পণ্যের ব্যয় ৭,৫০,০০০, পরোক্ষ পরিচালনা ব্যয় বিক্রয়ের ২০% ও পরিচালনা ব্যয় ১০,০০০ এবং অপরিচালন আয় ২০,০০০ টাকা।

১৩। নিট লাভের পরিমান কত?
ক. ২,২০,০০০ টাকা খ. ২,৩০,০০০ টাকা গ. ২,৪০,০০০ টাকা ঘ. ৪,৫০,০০০ টাকা

১৪। সরকার ট্রেডার্সের বিক্রয়ের পরিমান ১০% এবং বিক্রিত পণ্যের ব্যয় ২০% বৃদ্ধি পেলে মোট লাভ কত হবে?
ক. ১,৮০,০০০ টাকা খ. ২,০০,০০০ টাকা গ. ৪,২০,০০০ টাকা ঘ. ৪,৫০,০০০ টাকা

১৫। কোনটি অপরিচালন ব্যয়?
ক. অবচয় খরচ খ. ঋণের সুদ গ. অনাদায়ি পাওনা খরচ ঘ. বিজ্ঞাপন খরচ

১৬ ।প্রত্যেক মাসের প্রথম তারিখে উত্তোলন করলে কত মাসের সুদ ধরতে হবে?

ক. ২.৫ খ. ৫.৫ গ. ৬ ঘ. ৬.৫

১৭ । একতরফা দাখিলা পদ্ধতিতে লাভ-ক্ষতি বিবরণীতে আসে-

i. প্রারম্ভিক মূলধন ii. সমাপনী মূলধন iii. উত্তোলন

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. ii ও iii গ. i ও iii ঘ. i, ii ও iii

●নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:

রেওয়ামিলে দেওয়া আছে মনিহারি ৭,০০০ টাকা। প্রারম্ভিক মজুদের মধ্যে মনিহারি অন্তর্ভূক্ত আছে ১,০০০ টাকা এবং সমাপনী মজুদের মধ্যে মনিহারি দ্রব্য আছে ২,০০০ টাকা।

১৮। আয় বিবরণীতে মনিহারি খরচ কত টাকা দেখাতে হবে?

ক. ৮,০০০ টাকা খ. ৭,০০০ টাকা গ. ৬,০০০ টাকা ঘ. ৫,০০০ টাকা

১৯। আর্থিক অবস্থার বিবরণীতে অব্যবহৃত মনিহারি কত হবে?

ক. ১,০০০ টাকা খ. ২,০০০ টাকা গ. ৪,০০০ টাকা ঘ. ৫,০০০ টাকা

২০। বিক্রিত পণ্যের ব্যয় ১,০০,০০০ টাকা এবং বিক্রয়ের ওপর মোট লাভের হার ২০% হলে বিক্রয়ের পরিমাণ কত?

ক. ১,০০,০০০ টাকা খ. ১,১৬,৬৬৭ টাকা গ. ১,২০,০০০ টাকা ঘ. ১,২৫,০০০ টাকা

২১। বিজ্ঞাপনের দুই পঞ্চমাংশ অবলোপন করতে হবে। বিজ্ঞাপন ২৫,০০০ টাকা। বিলম্বিত বিজ্ঞাপনের পরিমাণ কত?

ক. ১০,০০০ খ. ১৫,০০০ গ. ২০,০০০ ঘ. ২৫,০০০

২২। মনিহারি ক্রয় ৮০০ টাকা, প্রারম্ভিক মনিহারি ১০০ টাকা; ব্যবহৃত মনিহারি ৭২০ টাকা। অব্যবহৃত মনিহারি কত টাকা ?

ক. ১০০ টাকা খ. ১৮০ টাকা গ. ৭২০ টাকা ঘ. ৯০০ টাকা

২৩। এক তরফা দাখিলা পদ্ধতি হতে দু'তরফা দাখিলা পদ্ধতিতে রুপান্তরের সময় ধারে ক্রয় বের করার জন্য কোন হিসাব তৈরি করতে হয় ?

ক. পাওনাদার হিসাব খ. প্রাপ্য বিল হিসাব গ. প্রদেয় বিল হিসাব ঘ. দেনাদার হিসাব

২৪। আয় বিবরণী তৈরি করার সময় মুনাফাবিহীন বিক্রয়-

(i) বিক্রয় থেকে বাদ যায় (ii) ক্রয় থেকে বাদ যায় (iii) মুনাফা থেকে বাদ যায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫। নয় মাসের অফিস ভাড়া প্রদত্ত হয়েছে ২৯,২৫০ টাকা । এক বৎসরে বকেয়া ভাড়ার পরিমাণ কত?

(ক) ৮,৪৫০ টাকা (খ) ৯,৫৫০ টাকা (গ) ৯,৭৫০ টাকা (ঘ) ১০,২৫০ টাকা

●নিচের উদ্দীপকটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:

প্রারম্ভিক মজুদ পণ্যের মূল্য ৫০,০০০ টাকা। নিট ক্রয়ের পরিমাণ ১,২৫,০০০ টাকা এবং সমাপনী মজুদের ক্রয়মূল্য ১৫,০০০ টাকা।

২৬। সমন্বিত ক্রয়ের পরিমাণ কত হবে?

(ক) ৯০,০০০ টাকা (খ) ১,১০,০০০ টাকা (গ) ১,৪০,০০০ টাকা (ঘ) ১,৬০,০০০ টাকা

২৭।সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ১০,০০০ টাকা হলে মোট লাভের ওপর কী প্রভাব পড়বে ?

(ক) ৫,০০০ টাকা বৃদ্ধি পায় (খ) ৫,০০০ টাকা হ্রাস পায় (গ) ১০,০০০ টাকা হ্রাস পায় (ঘ) ১০,০০০ টাকা বৃদ্ধি পায়

২৮। একতরফা দাখিলা পদ্ধতিতে -

(i) একটি পক্ষ লিপিবদ্ধ করা হয় (ii) দুটি পক্ষ লিপিবদ্ধ করা হয় (iii) কিছু লেনদেনের কোনো পক্ষই লিপিবদ্ধ হয় না

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯। প্রশাসনিক ব্যয় হলো-

(i) স্থাপত্য নকশা প্রণয়ন খরচ (ii) অফিস ভাড়া (iii) টেলিফোন বিল

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩০। একতরফা দাখিলা পদ্ধতির সর্বাধিক প্রয়োগক্ষেত্র নিচের কোনটি?

(ক) অংশীদারি ব্যবসায় (খ) সমবায় ব্যবসায় (গ) একমালিকানা ব্যবসায় (ঘ) রাষ্ট্রীয় ব্যবসা